

৯ নভেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান ও তদন্ত প্রতিবেদন জমা দেয়ার নির্দেশনা প্রদান করে উচ্চ আদালতের রুল জারি

গত, ৭ নভেম্বর ২০২১, সেজান জুস কারখানায় অগ্নিকাণ্ডের প্রেক্ষিতে দায়েরকৃত জনস্বার্থ মামলার শুনানী শেষে মাননীয় বিচারপতি জনাব এম. ইনায়েতুর রহিম এবং মাননীয় বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমান এর সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ মৌলিক অধিকার লঙ্ঘনের কারণে মামলার ১৪ ও ১৫ নং প্রতিপক্ষ যথাক্রমে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক, হাশেম ফুড লিমিটেড এর প্রতি অগ্নিকাণ্ডে প্রত্যেক নিহত শ্রমিকের পরিবার এবং আহত শ্রমিকদের পর্যাপ্ত পরিমাণ ক্ষতিপূরণ প্রদানের নির্দেশ কেন দেয়া হবে না - এ মর্মে শ্রম মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ এবং বেসরকারী প্রতিষ্ঠান হাশেম ফুড এর প্রতি আগামী ০৪ সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর নোটিশ জারি করেন।

একইসাথে, আদালত আগামী ৩০ দিনের মধ্যে অগ্নিকাণ্ডের কারণ সংক্রান্ত তদন্ত প্রতিবেদন পেশ করার জন্য মামলার ০৩ জন প্রতিপক্ষ যথাক্রমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা প্রশাসক, নারায়নগঞ্জ এবং বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর প্রতি নির্দেশনা প্রদান করেন।

শুনানীকালে আবেদনকারীগণ আদালতকে অবগত করেন যে, পরবর্তীতে আর কোন ক্ষতিপূরণ দাবী না করার শর্তে অগ্নিকাণ্ডে নিহত শ্রমিকদের পরিবার ও আহত শ্রমিকদের কারখানার মালিকপক্ষ থেকে নামমাত্র অর্থ (আনুমানিক ২ লক্ষ টাকা) প্রদান করেন এবং এ মর্মে প্রত্যেকের কাছ থেকে পূর্বে লিখিত পৃথক পৃথক হলফনামায় স্বাক্ষর গ্রহণ করেন; যা সম্পূর্ণ বেআইনী, অবৈধ এবং উদ্দেশ্য প্রণোদিত। উল্লেখ্য যে, কোন মানুষের জীবনের বিনিময়ে ক্ষতিপূরণ হিসেবে প্রদত্ত ২ লক্ষ টাকা নিতান্তই নগন্য ও অপরিাপ্ত।

শুনানীতে আবেদনকারীগণের পক্ষে অংশগ্রহণ করেন ব্যারিস্টার সারা হোসেন, ব্যারিস্টার অনীক আর হক এবং ব্যারিস্টার শারমিন আক্তার। রাষ্ট্রের পক্ষে অংশগ্রহণ করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বিপুল বাগমের।

পটভূমি: গত ৮ জুলাই, ২০২১ নারায়নগঞ্জের রূপগঞ্জ ভুলতায় ৬ তলা বিশিষ্ট হাশেম ফুড লিমিটেড কারখানায় এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় কমপক্ষে ৫২ জন শ্রমিক নিহত হন এবং আহত হন কমপক্ষে ৫০ জন শ্রমিক। এ ঘটনার প্রেক্ষিতে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে দেশে বিদ্যমান আইন বিশেষত অগ্নি নিরোধ সম্পর্কিত আইন এবং নিরাপদ ভবন নির্মাণে বিল্ডিং কোড সমূহের যথাযথ প্রয়োগ এবং বেঁচে থাকার অধিকার নিশ্চিতকরণ বিষয়ক সাংবিধানিক দায়িত্ব এবং অন্যান্য বিধিবদ্ধ দায়িত্ব পালনে প্রতিপক্ষের ব্যর্থতাকে দায়ী করে চারটি মানবাধিকার সংস্থা যথাক্রমে বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), আইন ও সালিশ কেন্দ্র (আসক), বাংলাদেশ



Ain o Salish Kendra (ASK)
A Legal Aid & Human Rights Organisation



পরিবেশ আইনজীবী সমিতি (বেলা) এবং সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস) যৌথভাবে গত ১০ জুলাই ২০২১ ভার্চুয়াল আদালতে জনস্বার্থ বিষয়ক এ মামলা দায়ের করে।

প্রাথমিক শুনানীতে আবেদনকারীগণের পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র আইনজীবী জেড. আই. খান পান্না, ব্যারিস্টার সারা হোসেন, ব্যারিস্টার অনীক আর হক এবং আইনজীবী এস এম রেজাউল করিম।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশন), ব্লাস্ট

ফোন: ০১৭১৭৪৪৪৩১১

ই-মেইল: mahbuba@blast.org.bd

আবু আহমেদ ফাইজুল কবির

সিনিয়র সমন্বয়কারী

ফোন: ০১৭১২২০৭১৫০

ই-মেইল: srcoordinator-an@askbd.org

ব্যারিস্টার অনীক আর হক

ফোন: ০১৭১১৫৬৪৭৮৮

ই-মেইল: aneekrh@gmail.com